



# Bodystretch Bangladesh Ltd.

## Environmental Safety Policy

(পরিবেশ সংক্রান্ত নীতিমালা)

বডিস্ট্রেচ বাংলাদেশ লি. একটি ১০০% রপ্তানীমুখী পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের সকল সুযোগ সুবিধা স্থানীয় শ্রম আইন অনুযায়ী পরিচালিত হয়। বডিস্ট্রেচ বাংলাদেশ লি. শ্রমিক-কর্মচারীদের মান সম্মত ও সু-শৃঙ্খল কর্ম পরিবেশ সৃষ্টিতে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

বডিস্ট্রেচ বাংলাদেশ লি. এর কর্তৃপক্ষ জীবন ও সম্পদের সঠিক নিরাপত্তা বিধানে পরিবেশ সংক্রান্ত সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে থাকে।

### পরিবেশ সংক্রান্ত নীতিমালাসমূহ:

- বডিস্ট্রেচ বাংলাদেশ লি. প্রতিটি ফ্লোরের প্রত্যেকটি লাইনের মেশিনের সারিবদ্ধ লে-আউট এবং পাশ দিয়ে যাতায়াতের যথেষ্ট জায়গার ব্যবস্থা নিশ্চিত করেছেন। প্রতিটি ফ্লোরে বর্হিগমন নকশা স্থাপন করা হয়েছে। কর্তৃপক্ষ পুরুষ ও মহিলা শ্রমিকদের জন্য আলাদা দুটি সিঁড়ি ব্যবহারের ব্যবস্থা নিশ্চিত করেছেন।
- বডিস্ট্রেচ বাংলাদেশ লি. পর্যাপ্ত সংখ্যক স্মোক ডিটেক্টর স্থাপন করেছে এবং তার জন্য একটি Centralizing system রয়েছে, ফায়ার ইন্টিগ্রেইসার, ফায়ার হোস লাইন, পানি ও বালু ভর্তি বালতি, মাস্কসহ সকল সরঞ্জামের ব্যবস্থা নিশ্চিত করেছে।
- কাজের শুরুতে সকল মেশিনের safety Equipment ব্যবহার নিশ্চিত করার জন্য নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। কর্তৃপক্ষ কাটারম্যানদের মেটাল গ্লাবস পড়ে কাজ করার জন্য সর্বদা সতর্ক করে থাকেন।
- ওভারলক মেশিন চালনাকারীদের জন্য মাস্ক পড়া বাধ্যতামূলক করা হয়েছে।
- যে সকল কর্মচারী স্পর্শ রিমোভিং এর কাজ করেন তাদের জন্য পর্যাপ্ত ভেন্টিলেশন সহ রুম আই ওয়াসের ব্যবস্থা, রেসপিরেটর মাস্ক, এ্যাপ্রোন, গ্লাবস সহ এমএসডিএস টানিয়ে দেওয়া আছে। তাদের এ বিষয়ে বডিস্ট্রেচ বাংলাদেশ লি. নিয়মিত পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করে থাকেন।
- বডিস্ট্রেচ বাংলাদেশ লি. পর্যাপ্ত সংখ্যক লেডিস ও জেন্টস টয়লেটের ব্যবস্থা করেছেন। যা সার্বক্ষণিকভাবে সুইপার দিয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন করার নির্দেশ প্রদান করে থাকেন।
- বডিস্ট্রেচ বাংলাদেশ লি. মান সম্মত একটি বৃহৎ ডাইনিং রুম করেছেন এবং রুমটি নিয়মিতভাবে দুই বার(সকালে এবং Lunch এর পরে) পরিচ্ছন্ন ও শুষ্ক রাখার জন্য পরিচ্ছন্ন কর্মীদের উপর আদেশ প্রদান করেছেন। পর্যাপ্ত পানিসহ ধৌতকরণের ব্যবস্থা নিশ্চিত করেছেন।
- সকল শ্রমিকদেরকে নিয়ে নিয়মিত Worker awareness program করা হয়। সেখানে পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে ধারণা প্রদান করা হয়ে থাকে।
- কারখানার ফ্লোরে দ্রুত তথ্য সর্বস্বার্থের জন্য P.A System এর ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও গংবেল ও বৈদ্যুতিক সাইরেনের ব্যবস্থা নিশ্চিত করেছেন।
- কারখানার ফ্লোরে পর্যাপ্ত সংখ্যক Water Filter এ বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা নিশ্চিত করেছেন।
- কারখানার ফ্লোরে ৭৫০ হতে ১২০০ লাক্স আলোর ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত সংখ্যক Exhaust Fan দিয়ে তাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা নিশ্চিত করা হয়ে থাকে।
- কারখানায় অভ্যন্তরে পর্যাপ্ত সংখ্যক First Aid Box রয়েছে এছাড়াও একটি মেডিকেল সেন্টার রয়েছে। সেখানে ১ জন ডাক্তার এবং একজন ১ জন নার্স সার্বক্ষণিক সেবা প্রদানের নিশ্চয়তা নিশ্চিত করে থাকেন।
- কাজের সময় সকল সিজার, কাটার, সাপটুল বেধে কাজ করার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।
- কারখানার কর্তৃপক্ষ বৈদ্যুতিক লাইন, সুইচ বোর্ড, জেনারেটর, সাব স্টেশন নিয়মিত দক্ষ ইলেকট্রিশিয়ান ইঞ্জিনিয়ার দ্বারা পর্যবেক্ষণের বিধান নিশ্চিত করেছেন।

### সার্বিক তত্ত্বাবধানে ও দায়িত্বে থাকবেন

এইচ আর ও সিওসি বিভাগ।



**Head Office :** Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.  
**Tel :** +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029  
**Factory :** Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh  
**E-mail :** bangladesh@bodystretch.com <http://www.bodystretch.com>